


স্মারক নং-১৮.১৫.০০০০.০২০.১১.০২০.১৭. ৩৪৮  
তারিখ : ০১ মার্চ, ২০১৮খ্রিঃ



বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ  
Bangladesh Land Port Authority  
টিসিবিডবন (৬ষ্ঠ তলা), কাওরানবাজার, ঢাকা-১২১৫  
ফ্যাক্স: ৯১২২৬২৭  
[www.bsbk.gov.bd](http://www.bsbk.gov.bd)

## নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষে বিভিন্ন ক্যাটাগরির শূন্য পদে নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। এ প্রেক্ষিতে ওয়্যারহাউজ সুপারিনটেনডেন্ট পদে গত ২৩-০২-২০১৮ তারিখ অনুষ্ঠিত লিখিত পরীক্ষা ও ২৬-০২-২০১৮ তারিখ অনুষ্ঠিত মৌখিক পরীক্ষা অত্যন্ত স্বচ্ছতার সাথে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। শীঘ্রই চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হবে। এক্ষেত্রে বিধি-বিধান অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। এ পর্যায়ে উক্ত পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদেরকে/সংশ্লিষ্ট সকলকে বিভ্রান্ত না হওয়ার জন্য এবং কারো সাথে কোন প্রকার আর্থিক লেনদেনে জড়িত না হওয়ার জন্য অনুরোধ করা হলো। এ প্রতিষ্ঠানের বা সংশ্লিষ্ট কেউ অবৈধ আর্থিক লেনদেনের প্রস্তাব করলে তা এ কর্তৃপক্ষকে অবহিত করার জন্যও অনুরোধ করা হলো।

  
তপন কুমার চক্রবর্তী  
চেয়ারম্যান  
বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ